ঝিনাইদহে কৃষক হত্যা মামলায় ২ জন গ্রেফতার

ঝিনাইদহ সদর উপজেলার মুরারীদহ গ্রামের কৃষক সবুজ হত্যা মামলার ২ আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার সকালে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার গোপালপুর গ্রাম থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলো-মুরারীদহ গ্রামের মজিদ মন্ডলের ছেলে তছির মন্ডল (২৬) ও রাশেদ মন্ডল (২৩)।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার জানান, মোবাইল ট্র্যাকিং করে সবুজ হত্যা মামলার ২ আসামীর অবস্থান শনাক্ত করে তারা। পরে সে মোতাবেক ঝিনাইদহ সদর থানার ওসি তদন্ত এমদাদুল হক, অপারেশন আবুল খায়ের, এস আই সাখাওয়াত হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে গোপালপুর গ্রামের একটি বাড়ী থেকে মামলার ২ নম্বর আসামী তছির মন্ডল ও ৪ নম্বর আসামী মজিদ মন্ডলকে গ্রেফতার করে।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার ছাগলে ক্ষেত খাওয়াকে কেন্দ্র করে সদর উপজেলার মুরারীদহ গ্রামের কৃষক সবুজ হোসেনকে কুপিয়ে হত্যা করে একই প্রতিবেশী মজিদসহ আরও কয়েকজন।

এ ঘটনায় পরদিন নিহতের পিতা ফজলুর রহমান বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় ৭ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে বিভিন্ন মামলায় ওয়ারেন্টভুক্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহ সদর থানার বিভিন্ন এলাকা থেকে ওয়ারেন্টভুক্তসহ ৪ আসামী গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার রাতভর অভিযান চালিয়ে তাদের

গ্রেফতার করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন জানান, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান এর নির্দেশে সদর থানা পুলিশ সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালায়।

এসময় কোর্টপাড়া থেকে মুন্না হোসেন, পূর্ব তেতুল বাড়ীয়া থেকে মুক্তার হোসেন, নারায়নপুর থেকে মাজেদা খাতুন ও কোরাপাড়া থেকে মোরাদ আলীকে গ্রেফতার করা হয়।

তাদের বিরুদ্ধে বিভিন্ন মামলায় গ্রেফতারি পরোয়ানা ছিল। শনিবার দুপুরে তাদের আদালতে পাঠানো হয়েছে।

মেপ্র/আরপি